# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

**Editor :** S. SAM SELVA RAJ | **16 Languages** | **Associate Editor: Rev. Dr.** ANJAN KUMAR SINGH

**Vol. XXV** APRIL 2023 **No.** 02


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ১১৩:১-৯

১। সদাপ্রভুর প্রশংসা করো। তোমরা যারা তাঁর ভক্ত দাস, সদাপ্রভুর প্রশংসা করো;

২। এখন ও অনন্তকাল, সদাপ্রভুর নামের প্রশংসা হোক।

৩। সূর্য উদয় থেকে যে স্থানে অস্ত যায় সেই পর্যন্ত সদাপ্রভুর নামের প্রশংসা হোক।

৪। সদাপ্রভু সব জাতির উর্দ্ধে, এবং তাঁর মহিমা আকাশমণ্ডলের উর্দ্ধে গৌরবান্বিত।

৫। সদাপ্রভু, আমাদের ঈশ্বর, যিনি উর্দ্ধে সিংহাসনে অধিষ্ঠিত, তাঁর সঙ্গে কার তুলনা হয়!

৬। তিনি আকাশমণ্ডল ও পৃথিবীর দিকে অবনত হয়ে দৃষ্টিপাত করেন।

৭। তিনি ধুলো থেকে দরিদ্রদের তোলেন,আর ছাইয়ের স্তূপ থেকে অভাবীদের ওঠান;

৮। তিনি তাদের অধিপতিদের সঙ্গে বসান, এমনকি তাঁর ভক্তদের অধিপতিদের সঙ্গে।

৯। তিনি নিঃসন্তান মহিলাকে এক পরিবার দেন, তাকে ছেলেমেয়েদের সখী মা করেন। সদাপ্রভুর প্রশংসা হোক।

## প্রকৃত উদ্দীপনা

**REAL REVIVAL!**

( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কতৃক প্রদত্ত বাণী)

আমি যখন আমার বাইবেলে, খ্রীষ্টিয় জগতে বহুল ব্যবহৃত 'উদ্দীপনা' শব্দটি অনুসন্ধান করছিলাম, আমি শব্দটি খুঁজে পাইনি। কেবল এই শব্দটিই হচ্ছে একটি মহান শিক্ষার বিষয়। ভারতবর্ষে লোকেরা যখন আত্মিক সভাগুলির কথা বলেন,তখন সাধারণত বলা হয়, সুসমাচার সভা, উদ্দীপনা সভা এবং ক্রুশেড। কয়েকটি দেশে এই ধরণের সভাগুলিকে 'উদ্দীপনা' বলা হয়। আজ আমি আপনাদের কাছে যে বাণী সহভাগিতা করতে যাচ্ছি তা হচ্ছে নবজাগরণ যা প্রভু শেষের বৃষ্টি হিসাবে ঢেলে দেন, অথবা আত্মিক উদ্দীপনা।

'রিভাইভল' শব্দটি ল্যাটিন ভাষা থেকে এসেছে। ইংরাজীতে এই শব্দটির অর্থ হচ্ছে 'পুর্নজাগরণ'। 'ভিভো' অর্থ, 'প্রদত্ত জীবন' অথবা 'পুনরায় জীবন অর্জন করা' অথবা 'জীবনের কাছে আসা'। এর অর্থ হচ্ছে মৃত্যুর মুখ থেকে ফিরে আসা। এর অর্থ মৃত্যু থেকে উত্থিত হওয়া নয়;কিন্তু যে ব্যক্তি গতিহীন হয়ে গেছে তাকে পুনরায় সক্রিয় করা। একজন ব্যক্তির হৃদপিণ্ড কাজ করা বন্ধ করে দিতে পারে যখন তার হার্ট-অ্যাটাক হয়। কিন্তু আপৎকালীন চিকিৎসার পর তার হৃদপিণ্ড আবার সক্রিয় হতে পারে। জীবনে ফিরিয়ে আনার এই পদ্ধতিকে উদ্দীপনা বা পুনরুজ্জীবন বলা হয়।

*(ক্রমশঃ, ৩ পাতার পর)*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

**৫ মিনিটের বাণী!!**

**ইংরাজী এবং হিন্দি**

প্রত্যেক দিন ভোর ৪টে

**তামিল এবং তেলেগু - ভোর ৫টা**

**তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০**

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**"...আর আমি তোমাকে দেশের সর্বোচ্চ স্থানে আরোহন করাব এবং তোমার পিতৃপুরুষ যাকোবের অধিকারে উৎসব করতে দেব...।" যিশাইয় ৫৮:১৪**

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

অনেক উত্তম বিষয়গুলি আপনার কাছে আসবে? উল্লসিত হন!!

পৃথিবীতে, অতি দ্রুত সুসমাচার প্রসারিত হচ্ছে! কেবল আমরাই সুসমাচার প্রসারের জন্য কাজ করছি না। অসংখ্য মণ্ডলী এবং বিভিন্ন খ্রীষ্টিও সংস্থগুলি ঈশ্বরের পরিচারকদের তাদের কর্মক্ষেত্রগুলিতে প্রেরণ করছেন এবং লোকদের পাপ, অসুস্থতা এবং দারিদ্র থেকে উদ্ধার করছেন। আমাদের এই সংস্থাগুলির জন্যে এবং চার্চগুলির জন্যে অবিরত প্রার্থনা করতে হবে এবং ঈশ্বরের পরিচর্যাকারীদের জন্যেও প্রার্থনা করতে হবে। আমাদের সাধ্যমত তাদের সাহায্য করাও উচিৎ। চার্চের মতবাদগুলির সমস্ত বৈষম্য আমাদের ভুলে যেতে হবে এবং ধ্বংস করতে হবে এবং একটি সৈন্যবাহিনী হিসাবে আমাদের একসঙ্গে দাঁড়াতে হবে।



নতুন চার্চ উদ্বোধন

আমাদের নহিমিয় বাইবেল কলেজের পুরাতন শিক্ষার্থী, পাস্টর জে.রাজামানি এবং তাঁর স্ত্রী পাস্টর আর.বিমল ২৬শে জানুয়ারী অভিষিক্ত হয়েছিলেন এবং পালাভার-কাদু নামক স্থানে পালক এবং পালিকা হিসাবে নিযুক্ত হয়েছিলেন। সভাটি অত্যন্ত আশীবর্বাদযুক্ত হয়েছিল। প্রার্থনা করুন সেখানে নির্মিত চার্চ বিল্ডিং এবং পাস্টরদের আবাসগৃহটিকে ঈশ্বর যেন আশীবর্বাদ করেন। ভারতের সমস্ত গ্রামে কর্মরত ঈশ্বরের সমস্ত পরিচর্যাকারীগণ এবং চার্চগুলি যেন বৃদ্ধি লাভ করে এবং জাগ্রত হয় তার জন্য প্রার্থনা করুন। আমরা জানি ভারতে প্রায় ৭,০০,০০০ গ্রাম আছে। আমাদের যে কোনও ভাবে সমস্ত সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার পৌঁছে দিতে হবে।

### আহ্বানের প্রতিধ্বনি পরিবারগুলির দায়িত্ব:

ঈশ্বরের সেই সমস্ত দাসেরা, যারা লোকদের বিনাশের হাত থেকে রক্ষা করার জন্যে এবং তাদেরকে সঠিক



আহ্বানের প্রতিধ্বনি পরিবার

**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Dr. Rabinder Boaz, M.S.
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Media Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development



*Servant of God engaged in evangelism*

পথে পরিচালিত করার জন্যে আন্তরিকভাবে কাজ করছেন, তাদের অনেক কষ্টভোগ করতে হচ্ছে। আমাদেরকে এই ধরণের লোকদের প্রাথমিক প্রয়োজনগুলি পূরণ করতে হবে। দিয়াবল তাদেরকে শারীরিকভাবে এবং আত্মিকভাবে আক্রমণ করছে। ঈশ্বরের অসংখ্য ধনবান পরিচারকেরা আছেন, যারা শুরুতে যে আহ্বান এবং দর্শন লাভ করেছিলেন, তারা এখন তাদের সেই আহ্বান এবং দর্শন হারিয়ে ফেলেছেন। এখন তারা নিজেদের বৃদ্ধির, আরামের এবং সম্পদ ক্রয়ের সঙ্গে যুক্ত। পরিচর্যার নামে, তারা প্রকাণ্ড অট্টালিকা নির্মাণ করছে যা প্রকৃতভাবে তাদের প্রয়োজন নেই এবং এইভাবে তারা তাদের পথ থেকে সরে যাচ্ছে। অনুগ্রহ করে এই ধরণের লোকদের সাহায্য করা বন্ধ করুন এবং যারা প্রকৃতরূপে ঈশ্বরের উদ্দেশে আত্মা জয়ের জন্য কঠোর পরিশ্রম করছে তাদের সাহায্য করুন। এই ধরণের ঈশ্বরের পরিচর্যাকারীদের খুঁজে বের করুন এবং তাদের উদ্যোগগুলিতে তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলান। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

ঈশ্বরের অসংখ্য পরিচারকেরা কোটি কোটি লোকদের খ্রীষ্টবিহীন অবস্থায় নরকের পথে চলে যাওয়ার বিষয়টি পর্যবেক্ষণ করছে। এমনকী তাদের মধ্যে কয়েক জন খ্রীষ্টের দ্বিতীয় আগমন সম্পর্কে প্রচার করছেন এবং যে কোনও সময় লোকদের খ্রীষ্টের দ্বিতীয় আগমনের বিষয় প্রত্যাশা করতে বলছেন। কিন্তু তাদের দীর্ঘমেয়াদী পরিকল্পনা আছে এবং তারা কোটি কোটি টাকা খরচ করে প্রকাণ্ড অট্টালিকা নির্মাণ করছেন এবং বিভিন্ন আর্থিক পরিকল্পনাগুলি কার্যকর করছেন। এটি কি অবশ্য প্রয়োজনীয়? এটি কি কৌশলপূর্ণ প্রতারণা নয়? চার্চের নেতারা কি এই ধরণের কাজ করতে পারেন? অনুগ্রহ করে এই বিষয়ে চিন্তা করুন এবং ঈশ্বরের দরিদ্র পরিচারকদের সাহায্য করুন যারা আত্মাগুলির প্রতি প্রকৃত ভারসহ সত্যিই ঈশ্বরের সেবা করছেন।

বুদ্ধিমানের কাজ হচ্ছে সেই সমস্ত প্রচারকদের খুঁজে বের করা যাদের সাইকেল নেই, এবং একটা ছোট গীর্জা ঘর আছে যার উপযুক্ত ছাদ অথবা মেঝে নেই এবং যারা তাদের একবেলা একমুঠো খাবারের জন্য ঈশ্বরের মুখ চেয়ে বসে থাকে! অন্যদের দ্বারা প্রতারিত হওয়া থেকে আমাদের সাবধান হওয়া উচিৎ।

কিছু সংখ্যক লোক তাদের প্রতারণাপূর্ণ পরিকল্পনাগুলো কার্যকর করে যা তারা তাদের পেশা থেকে শিখেছে। তারা যে পণ্যদ্রব্যগুলো বিক্রি করে সেই তালিকাতে ঈশ্বরকে এবং তাঁর পরিচর্যা কাজকেও অন্তর্ভূক্ত করে এবং তাদের নিজেদের ব্যবসা হিসাবে পরিচর্যা কাজ করে। অনুগ্রহ করে এই ধরণের লোকদের চিহ্নিত করুন এবং সুবিবেচনার সঙ্গে কাজ করুন। আমরা নিশ্চিতভাবে আপনার জন্য প্রার্থনা করবো।

আমরা আমাদের নহিমিয় বাইবেল কলেজের মান আরও উন্নত করার বিষয় স্থির করেছি এবং আরও অধিক ঈশ্বরের দাসদের প্রশিক্ষিত করার এবং বি.টিএইচ ডিগ্রি কর্মসূচী চালু করারও পরিকল্পনা করেছি। আমরা প্রথমে অনলাইন বিটি এইচ কর্মসূচী শুরু করতে চলেছি। আমার প্রেমপূর্ণ অনুরোধ আপনাদের চার্চগুলিতে এবং আপনাদের পরিচিত লোকদের কাছে এই বিষয়ে সহভাগিতা করুন এবং অসংখ্য শিক্ষার্থ দের আমাদের কাছে তাদের নাম নথিভুক্ত করতে বলুন। এই বিষয়ে আমরা আপনার মতামত এবং পরামর্শ প্রত্যাশা করি। অনুগ্রহ করে বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন। প্রভু যীশু আপনাদের আশীর্ব্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ ১ পৃষ্ঠার পর)*

আমি স্বর্গীয় রেভা.এস. দেবাদাসনের 'হেরাল্ড অফ হিজ কামিং' পরিচর্যার ফল ছিলাম। এখানে, আপনি শুনেছেন যে আমি নিজেকে 'হেরাল্ড অফ হিজ কামিং' এর ফল হিসাবে অথবা উৎপাদন হিসাবে পরিচিত করিয়েছিলাম। আমরা বলতে পারি 'উদ্দীপনা' অথবা 'ফল' হচ্ছে পবিত্র আত্মার উৎপাদন অথবা পবিত্র আত্মা থেকে উৎপন্ন হয়। যেখানে পবিত্র আত্মা কাজ করে, সেখানে আমরা উদ্দীপনার পুনঃসঞ্চার দেখতে পাই। এটি মানুষের কাজ নয়; কিন্তু এটি প্রভুর কাজ। অধার্মিক লোকদের মধ্যে কখনও উদ্দীপনার পুনঃসঞ্চার ঘটে না।

উদ্দীপনা নিস্তেজ হয়ে যাওয়া সাধুদের ডানা দেয় এবং পুনরায় ঈশ্বরের কাছে আনে। এটি ধর্মত্যাগীদের সচেতন করে এবং সঠিক পথে ফিরিয়ে আনে। উদ্দীপনা সমাজে ঈশ্বরের উপস্থিতি চিত্রিত করতে সাহায্য করে এবং দেশের লোকদের মধ্যে থেকে ঈশ্বরের রাজ্য সম্পর্কে অজ্ঞতা দূর করে এবং এক অলৌকিক জাগরণ আনে।

উদ্দীপনার বিস্ফোরণের জন্য, সাধারণ প্রার্থনা যথেষ্ট নয়, কিন্তু আমাদের অবিরাম এবং অসাধারণ প্রার্থনার প্রয়োজন হয়। আধুনিক বাদ্যযন্ত্রের মাধ্যমে অথবা চীৎকারের মাধ্যমে অথবা উদ্ভাবনী নাচের মাধ্যমে প্রকৃত উদ্দীপনা আনা যায় না। আমাদের জানুপাত করার দ্বারা উদ্দীপনা আসে। চেন্নাই শহরটি অসংখ্য চার্চের দ্বারা আশীর্ব্বাদযুক্ত। কিন্তু সুসমাচার অপ্রসারিত কিছু এলাকা আছে। আমাদের প্রধান আহ্বানের প্রতিধ্বনি চার্চটি এই ধরণের একটি এলাকায় অবস্থিত। ঈশ্বরের অসংখ্য দাসেরা এই উপসংহারে উপনীত হয়েছিলেন যে কেউ প্রভুর সুসমাচার দ্বারা এই এলাকাটিতে সুসমাচার প্রসারিত করতে পারবে না। কিন্তু এই বাতিল জায়গাটিতে সুসমাচার প্রসারিত করার জন্য ঈশ্বর আমার উপর ভার দিয়েছিলেন। এই কাজ সম্পাদন করার জন্য, আমার অনেক প্রার্থনা এবং প্রতীক্ষার প্রয়োজন

হয়েছিল। অবশেষে প্রভু সুন্দরভাবে উদ্দীপনা এনেছিলেন। বিনাশের পথে চালিত অসংখ্য লোক প্রভুর সুসমাচারের মাধ্যমে তাঁর সঙ্গে মিলিত হয়েছিলেন। মণ্ডলী অস্তিত্ব লাভ করেছিল। পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে অসংখ্য লোকেরা বাপ্তাইজিত হয়েছিলেন এবং মণ্ডলীর সঙ্গে যুক্ত হয়েছিলেন।

এই উদ্দীপনার ফল হিসাবে, আমাদের এলাকার নিকটে প্যারাগন সিনেমা থিয়েটার, নিউ এলফিন্সিস্টোন সিনেমা থিয়েটার, ওয়েলিংটন সিনেমা থিয়েটার, স্টার সিনেমা থিয়েটার ছিল, যে জায়গাগুলি অনেক মন্দ কাজের উৎস ছিল, সেই সমস্ত জায়গাগুলি ভেঙে ফেলা হয়েছিল, সেই স্থানগুলিতে নতুন নতুন বিল্ডিং নির্মিত হয়েছিল। অসংখ্য লোক যারা বিভিন্ন নেশায় আসক্ত ছিল, হিংস্র কার্যকলাপের সঙ্গে যুক্ত ছিল এবং নারকোটিক জাতীয় নেশায় আসক্ত ছিল এবং নানা ধরণের ঘৃণ্য কার্যকলাপে লিপ্ত ছিল, তারা তাদের হৃদয় পরিবর্তিত করেছিল, জীবন্ত ঈশ্বরকে গ্রহণ করেছিল, আমাদের চার্চের সঙ্গে যুক্ত হয়েছিল এবং প্রভুর পরাক্রমী সাক্ষী হিসাবে জীবন যাপন করেছিল।

এখন আমাদের চিন্তা করতে হয় এই উদ্দীপনা কি অস্থায়ী হবে নাকি স্থায়ী হবে? কীভাবে এই উদ্দীপনা বজায় রাখা যেতে পারে?

এই পৃথিবীতে অনেক দেশে এই ধরণের উদ্দীপনা ঘটে। উদাহরণস্বরূপ, স্কটল্যাণ্ড এবং কোরিয়া। ঈশ্বরের সন্তান, জন নকস্ স্কটল্যাণ্ডের উদ্দীপনার জন্য অবিরত প্রার্থনা করেছিলেন। প্রভু মহা উদ্দীপনা পাঠিয়েছিলেন। এর ফল হিসাবে, অসংখ্য লোক প্রভু যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিলেন। দেশটি উন্নতি করেছিল। অর্থনৈতিক সমৃদ্ধি ঘটেছিল। অসংখ্য চার্চ নির্মিত হয়েছিল। প্রত্যেকটি জায়গায় প্রার্থনা সভাগুলি এবং আত্মিক কার্যকলাপগুলি অনুষ্ঠিত হয়েছিল। অসংখ্য যুবক এবং যুবতীরা অনুতাপ করেছিল এবং প্রভুর পালের মধ্যে এসেছিল, তাদের বিলাসী জীবনযাপন ত্যাগ করেছিল এবং পৃথিবীর বিভিন্ন দেশে মিশনারী হিসাবে চলেগেছিল এবং সুসমাচার প্রচার করেছিল। এর কারণে, ভারতে এবং বিভিন্ন দেশে বৃহৎ সংখ্যক চার্চ, স্কুল এবং হাসাপাতাল গড়ে উঠেছিল। কিন্তু আজকের দিনে এই দেশটির (স্কটল্যাণ্ডের) কী অবস্থা?

সম্প্রতি আমি যখন এই দেশে ভ্রমণ করেছিলাম, তখন আমি এটা জেনে অবাক হয়েছিলাম যে এখানে খ্রীষ্টধর্ম অনুশীলনকারীদের সংখ্যা কমে যাচ্ছে। অসংখ্য লোক খ্রীষ্টবিহীন জীবনযাপন করছেন। অসংখ্য বিরাট বিরাট চার্চগুলি পরজাতীয়দের কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে এবং প্রতিমাপূজা, ব্যবসায়িক কেন্দ্রগুলির মতো ঘৃণ্য পণ্য ক্রয়বিক্রয়ের কাজে ব্যবহৃত হচ্ছে, মদের সো-রুম, ড্যান্স হল, নাট্যমঞ্চ, অশ্লীল চলচিত্র প্রদর্শন কেন্দ্র এবং আরও এমন এমন বিষয়ে ব্যবহৃত হচ্ছে যা উল্লেখ করা যাবে না। দুঃখের বিষয় হচ্ছে এই বিল্ডিংগুলো এখনও ক্রুশের প্রতীক চিহ্ন বহন করছে!

স্কটল্যাণ্ডে একটা বিরাট প্রেক্ষাগৃহে ঈশ্বরের বাক্য সহভাগিতা করার জন্য ঈশ্বরের একজন ব্যক্তি আমাকে আমন্ত্রণ জানিয়েছিলেন। আমন্ত্রণ করার সময় তিনি আমাকে যা বলেছিলেন, "পাস্টর, এই লোকেরা যীশু খ্রীষ্ট সম্পর্কে অথবা খ্রীষ্টধর্ম সম্পর্কে জানে না। আপনার প্রচারিত বাণীর মধ্যে দিয়ে এদের সঙ্গে জীবন্ত ঈশ্বর যীশু খ্রীষ্টের পরিচয় করিয়ে দিন!" এটা শুনতে বিভ্রান্তিকর মনে হলেও, আমি যখন প্রভু যীশু খ্রীষ্ট সম্পর্কে সুসমাচারের প্রাথমিক সত্যটি প্রচার করেছিলাম, ঐ দেশের বৃহৎ সংখ্যক লোক অনুতপ্ত হয়েছিলেন এবং অশ্রুসজল নয়নে তারা প্রভু যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করার জন্য সামনে এগিয়ে এসেছিলেন। এটি ছিল এক অপূর্ব দৃশ্য।

এইভাবে তাদের ধর্মত্যাগ করার কারণ কী ছিল? তারা তাদের প্রথম প্রেম হারিয়ে ছিল। জাগতিক শিক্ষা, আর্থিক সমৃদ্ধি, কৌতুকপূর্ণ জীবন, মাদকদ্রব্য ইত্যাদি, তাদের মনকে ভোঁতা করে দিয়েছিল এবং তারা প্রার্থনাশীল জীবনকে একটি ভিনগ্রহের বিষয় হিসাবে বিবেচনা করেছিল। তারা তাদের জীবন থেকে পবিত্রতার বিষয়টিকে বিচ্ছিন্ন করেছিল।

এর বিপরীতে, আমরা কোরিয়াকে দেখি যারা পুনরুজ্জীবনের সাক্ষী হয়েছিল।

কোরিয়া যখন আর্থিক, শিক্ষা এবং সংস্কৃতির দিক থেকে পিছিয়ে পড়ছিল, তখন ঈশ্বর পল-

(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)


# नहेम्याह बाइबल कॉलेज
## रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यम: हिन्दी

REACHING NATIONS

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

ATA — Regd. Candidate for Membership — NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI — ECHO OF HIS CALL ★ Estd. 1969

**सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान**

**सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल**

**योग्यता 10 वी या अधिक**
**जल्दी करें!**

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1989

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে এপ্রিল থেকে ১৮ই মে, ২০২৩)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



## প্রশংসার বিষয়সমূহ

**এপ্রিল ১৯ :** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের প্রতি করুণার জন্য।

**দিন ২০:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২১:** অ্যাসবারি উদ্দীপনার মাধ্যমে পরবর্তী সময়ে বৃষ্টির মাধ্যমে মার্কিনযুক্তরাষ্ট্রকে আশীর্ব্বাদ করার জন্য তোমার প্রশংসা হোক।

**দিন ২২:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের পরিচর্যাসংক্রান্ত পরিদর্শনে প্রচুর আশীর্ব্বাদ লাভ করার জন্য।

**দিন ২৩:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের ৫ মিনিট ইউটিউব চ্যানেলে বাণী প্রচারের মাধ্যমে উদ্ভূত সাক্ষ্যগুলির জন্য।

**দিন ২৪: সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির** বিভিন্ন কার্যকলাপগুলির জন্য।

**দিন ২৫: সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের** দশম শ্রেণীর শিক্ষার্থীদের সফলভাবে পরীক্ষা সম্পূর্ণ করার বিষয় আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৬:** যোগ্য নতুন সদস্যদের নিযুক্ত করে আমাদের সংস্থাকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির সদস্যদের জন্য।

**দিন ২৮:** অনলাইনে নতুন বিটিএইচ পাঠক্রম চালু করতে আমাদের **নহিমিয় বাইবেল কলেজটিকে** আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের **বাইবেলকোর** এবং **ঈশতাত্ত্বিক পাঠক্রমকে** (ডাকযোগে)আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের **পরিচর্যাসংক্রান্ত অভিযানগুলিকে** আশীর্ব্বাদ করার জন্য।

**মে ০১:** আমাদের সংস্থার সমস্ত কর্মীদের, তাদের পরিবারগুলির জন্য এবং তাদের সুরক্ষাসংক্রান্ত বিষয়ে আশীর্ব্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দতার হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ০৩:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** সিলভার জুবিলি বাৎসরিক উদ্‌যাপন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সারা পৃথিবীতে যে সমস্ত রোগীরা দীর্ঘদিন যাবৎ এবং মুর্মূর্ষু রোগে ভুগছে তাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** নতুন সাবস্ক্রাইবারসহ আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৬:** আমাদের উত্তর ভারতের মিশনারী এবং তাদের পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** পরিচর্যাগুলির এবং মিশনারীদের বিরুদ্ধে নৃশংসতা যেন বন্ধ হয়।

**দিন ৮:** আমাদের বরিষ্ঠ পালক এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যরা যেন সমস্ত রকমের মন্দতার হাত থেকে সুরক্ষিত জীবনযাপন করতে পারেন।

**দিন ৯:** ২০২৩ সালের ৩রা জুন আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** গ্রাজুয়েশন অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে।

**দিন ১০:** সমস্ত চার্চগুলি যেন নতুন আত্মা জয় করতে পারে এবং তাদের মধ্যে যেন উদ্দীপনা সঞ্চারিত হয়।

**দিন ১১:** সম্প্রতি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত তুরস্ক এবং সিরিয়া যেন তাদের সমস্ত ক্ষতির বিষয়গুলি থেকে পুনরায় স্বাভাবিক অবস্থায় ফিরে আসতে পারে।

**দিন ১২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর নিয়মিত কার্যকলাপগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** আমাদের পরিচর্যাগুলির আর্থিক প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪: নহিমিয় বাইবেল কলেজের** অনলাইন বিটিএইচ পাঠক্রমে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন১৬:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজে** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ১৭:** আমাদের সংস্থার কর্মীরা যেন একমনা এবং ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে পারে।

**দিন ১৮:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

ইয়ংগী- চো নামের এক ব্যক্তিকে তুলেছিলেন। ঈশ্বর তাঁর প্রার্থনার উত্তর দিয়েছিলেন এবং এক পরাক্রমী উদ্দীপনা পাঠিয়েছিলেন। এই উদ্দীপনার উপর নির্ভর করে, দেশটি পৃথিবীতে অর্থনৈতিক এবং শিক্ষাক্ষেত্রে প্রভুত উন্নতি করেছিল। ঈশ্বরের লোকটি এবং ঈশ্বরের প্রজারা অবিরত বিরামহীন প্রার্থনাকে গুরুত্ব দিয়েছিল এবং পবিত্র জীবন যাপন করেছিল। প্রতিদিন সমস্ত চার্চগুলিতে প্রার্থনা হচ্ছিল। বড় বড় প্রার্থনার কেন্দ্র নির্মিত হয়েছিল এবং দিনরাত সেখানে অবিরত প্রার্থনা অনুষ্ঠিত হয়েছিল। এই বিরামহীন প্রার্থনা দ্বারা, সুগন্ধের স্তম্ভগুলি অবিরত স্বর্গে পৌঁছেছিল।

এখানে ঈশ্বরের দাসেরা তাদের প্রথম প্রেম, প্রার্থনার তৃষ্ণা, তাদের পবিত্রতা হারাননি এবং এর প্রভাবে সেখানে উদ্দীপনা এসেছিল এবং সমস্ত রকমের প্রহরা দ্বারা এটি সুরক্ষিত হয়েছিল। এর কারণে কোরিয়া এক শ্রেষ্ঠ জাতিতে পরিণত হয়েছিল। আমি দক্ষিণ কোরিয়ার কথা বলছি। এটি বললে অত্যুক্তি করা হবে না যে এখান থেকে অসংখ্য ঈশ্বরের লোকেরা উঠেছেন এবং জগৎকে ওলোট পালট করে দিচ্ছেন!

সুতরাং, পরাক্রমী উদ্দীপনায় পূর্ণ হওয়ার জন্য, আন্তরিক অনুতাপ এবং অবিরত প্রার্থনা প্রয়োজন। দেশের জন্য অবিরত প্রার্থনা করার উদ্দেশ্যে ঈশ্বরের লোকদের যে দলটি উৎসর্গীকৃত হয়েছিল তাদের এই উদ্দীপনা রক্ষা করারও প্রয়োজন হয়েছিল। আমরা যদি এই বিষয়ে সচেতন না হই, তাহলে উদ্দিপনার আগুন নিভে যাবে। বেদীর আগুন অবিরত জ্বলতে দিন!

## প্রকৃত উদ্দীপনার দুটি দিক

**১। ঈশ্বরের লোকদের মধ্যে স্থায়ী উদ্দীপনা**
**২। ঈশ্বরের উপস্থিতি পুনরুদ্ধার**

## ১। ঈশ্বরের লোকদের মধ্যে স্থায়ী উদ্দীপনা

ঐকান্তিক আগ্রহযুক্ত প্রার্থনা অলৌকিক উদ্দীপনা আনে। সাধু পৌল লোকদের কাছে সনির্বন্ধ মিনতি করেছিলেন, "অতএব, ভাইবোনেরা, ঈশ্বরের বহুবিধ করুণার পরিপ্রেক্ষিতে, আমি তোমাদের কাছে মিনতি করছি, তোমরা তোমাদের শরীরকে জীবন্ত বলিরূপে, পবিত্র ও ঈশ্বরের গ্রহণযোগ্যরূপে উৎসর্গ করো...কিন্তু তোমাদের মনের নবীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও..." (রোমীয় ১২:১,২)। অধুনা চার্চগুলিতে এবং খ্রীষ্টিয় সংস্থাগুলিতে প্রেরিতীক অভিজ্ঞতাগুলি গত প্রায়, পরিবর্তে নতুনত্ব এবং আধুনিকতা বিরাজ করে। বর্তমান দিনগুলিতে উপবাস প্রার্থনাগুলি অলৌকিক কার্যকলাপের সভায় পরিণত হয়েছে এবং দেশের জন্য উদ্দীপনা সভাগুলি টাকা তৈরীর স্থানে পরিণত হয়েছে। যারা দেশের জন্য প্রার্থনা করার জন্য ভারসহ সভাগুলিতে যোগদান করে তাদেরকে অবশ্যই নম্রতা এবং ঐকান্তিকতা সহ প্রার্থনা করতে হবে যাতে আমাদের প্রভু তাদের প্রার্থনাগুলো শোনেন এবং উত্তর দেন। যাতে আমাদের দেশ থেকে হিংস্রতা, ভ্রষ্টাচার এবং অভিশাপগুলি সম্পূর্ণ উচ্ছিন্ন হয় এবং দেশে শান্তি এবং সমৃদ্ধি বিরাজ করে।

আমাদের দেশে একটি প্রকৃত আত্মিক উদ্দীপনার জন্য, প্রথমে ঈশ্বরের সন্তানদের ঈশ্বরের ইচ্ছার কাছে নিজেদের জীবনকে সমর্পিত করতে হবে এবং তাদের মনের নবায়নের দ্বারা রূপান্তরিত হতে হবে।

এর বিপরীতে, নতুন কিছু করার আড়ালে, আজকের চার্চগুলি লোকদের সামনে ভুল জিনিসগুলোর পরিচয় করিয়ে দেয় এবং তাদের লক্ষ্য অর্জনের জন্য এই বিষয়গুলিকে তালিকাভুক্ত করে এবং এটিকে একটি মহান উদ্দীপনা হিসাবে ঘোষণা করে। যদি লোকদের জীবনে পরিবর্তন না ঘটে, তাহলে তাদের সমস্ত প্রার্থনা, গান বাজনা, নৃত্য, সমৃদ্ধিপূর্ণ প্রচার, আকর্ষণীয় মঞ্চ এবং সৃজনশীল পরিচর্যা পরিকল্পনাগুলি নষ্ট ছাড়া আর কিছুই নয়। একজন ব্যক্তি যদি এই বর্তমান দিনের 'অসাধারণ ঈশ্বরের দাসদের' আরও কাছে আসে, তাহলে সেই ব্যক্তি এদের মনের মধ্যে জঘণ্য অর্থ লিপ্সা, অহংকার, স্বার্থপরতার দুর্গন্ধি যুক্ত খারাপ বিষয়গুলি দেখতে পাবে। কয়েক জন ব্যক্তি ঈশ্বরের রাজ্য বিস্তারের বিষয়টিকে একপাশে সরিয়ে রাখে এবং বলে, 'আমার চার্চ', 'আমার পরিচর্যা,' 'আমার মিশনারী,' 'আমার বাগান', 'আমার দুর্গ,' ইত্যাদি। আমাদের এই মনোভাব চলে যাওয়া উচিৎ এবং প্রভু আমাদের মধ্যে কি দেখেন তা আমাদের দেখা উচিৎ। একজন প্রভুর দাস যখন পরিচর্যা কাজের আড়ালে কোনও কিছু আহরণের অভিপ্রায়ে আরেকজন ঈশ্বরের দাসের সঙ্গে মিলিত হয়ে সভাটিকে একটি একতরফা ব্যবসায়ে পরিণত করে তখন সেটা কত বিভ্রান্তিকর বিষয়।

(ক্রমশঃ, ৯ পাতায়)


**নহিমিয় বাইবেল কলেজ**
**সান্ধ্যকালীন / আবাসিক কলেজ**

চীপক এবং সন্তোষপুরম

ECHO OF HIS CALL 1969-2019 REACHING NATIONS

মাধ্যম: তামিল

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd. 1969

*Registered Candidate for Membership*
**Asia Theological Association (ATA)**

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**
**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

১। প্রার্থনা সভা : ২৪ ঘণ্টা
২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত)
৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি
৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র)
৫। ডাকযোগে ঐশ্‌তাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম)
৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক)
৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ
৮। ক্রুশেডসমূহ
৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্
১০। গস্‌পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ
১১। সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম)
১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার)
১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা

| | |
|---|---|
| ১৪। তেলুগু উপাসনা | : রবিবার বিকাল ৫টা |
| ১৫। হিন্দি উপাসনা | : রবিবার বিকাল ৪টা |
| ১৬। ইংরাজী এবং তামিল উপাসনা | : রবিবার সন্ধ্যা ৬টা |
| ১৭। পালকদের পরামর্শদান | : রবিবার বিকাল ৪টে |
| ১৮। মহিলাদের প্রার্থনাসভা | : বুধবার বিকাল ৫.৩০ মিনিট |
| ১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা | : বুধবার বিকাল ৬.৩০ মিনিট |
| ২০। পুরুষদের প্রার্থনা | : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট |
| ২১। শিষ্যত্বের সভা | : শনিবার সন্ধ্যা ৬টা |
| ২২। গৃহ সভাগুলি | : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি |
| ২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ | : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা |
| ২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা | : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট |
| ২৫। পিতা ও মাতাদের প্রার্থনা | : প্রথম রবিবার, বিকাল ৪টে |
| ২৬। নৈশ প্রার্থনা | : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট |
| ২৭। উপবাস প্রার্থনা | : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট |
| ২৮। পবিত্র প্রভুর ভোজ | : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা |
| ২৯। সকালের অনুধ্যান | : প্রতিদিন ভোর ৫টা |
| ৩০। কর্মীদের অনুধ্যান | : প্রতিদিন সকাল ৯ টা |
| ৩১। অফিস | : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া) |

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
## PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)


# আহ্বানের প্রতিধ্বনি প্রিন্টিং প্রেস
## THE PRINTING PRESS OF ECHO OF HIS CALL!

১৯৬৯-১৯৭১ সাল নাগাদ, আমি যখন একজন যুবক ছিলাম, সেই সময় আমি ঈশ্বরের দাস, স্বর্গীয় পাস্টর এস. দেবাদাসনের 'হেরাল্ড অফ হিজ কামিং' নামক পত্রিকা অফিসে কাজ করছিলাম এবং ছাপাখানার সব থেকে জুনিয়ার কর্মী ছিলাম।

এই পাস্টর আমাকে প্রভুর পরিচর্যা কাজে কষ্টভোগ এবং মঙ্গলভাবের বিষয় শিক্ষা দিয়েছিলেন এবং তিনি আমাকে প্রভুর সেবা করার পদ্ধতিগুলোও শিখিয়েছিলেন। এছাড়াও তিনি আমাকে অফিস এবং প্রশাসনিক কাজগুলিও শিখিয়েছিলেন। আমি তাঁর অডিটর, মিস্টার বেদামানির অধীনে 'হিসাব রক্ষার' কাজ সম্পর্কেও শিখেছিলাম।

সেই সময় আমাদের পাস্টর একটি নতুন প্রিন্টিং প্রেস কিনেছিলেন। প্রেসে কেবল একজনই মেকানিক ছিলেন, মিস্টার রাজ। এটা ছিল একটি পুরাতন মডেলের মেসিন যা হস্তচালিত ছিল। আপনি যদি হ্যাণ্ডেলটা একবার ঘুরাতেন, তাহলে আমরা কেবল একটা পৃষ্ঠা ছাপাতে পারতাম।

এটা একটা কঠিন কাজ হলেও আমি আনন্দের সঙ্গে হ্যাণ্ডেলটা আনন্দের সঙ্গে ঘুরাতাম। সমগ্র পত্রিকাটি ছাপানোর জন্যে আমাকে ৫০,০০০ বার হ্যাণ্ডেলটা ঘুরাতে হতো। যতবার আমি হ্যাণ্ডেলটা ঘুরাতাম, ততবার আমি বলতাম, 'ঈশ্বরের প্রশংসা





হস্তচালিত প্রিন্টিং মেসিন

হোক'। এইভাবে আমি ৫০,০০০ বার বলতাম, 'ঈশ্বরের প্রশংসা হোক'। আমার পাস্টর এটা লক্ষ্য করতেন এবং তিনি উৎসাহিত হয়েছিলেন।

তিনি আমাকে পালায়ামকোট্টাইয়ের 'নিউ লাইফ' পত্রিকা অফিসে নিয়ে গিয়েছিলেন এবং ঐ প্রেসে কীভাবে পত্রিকা ছাপা হয় তা আমাকে দেখিয়েছিলেন। আমি ঐ পুরাতন প্রেসটি দেখেছিলাম এবং লোকেরা কীভাবে মাটিতে বসে পত্রিকাগুলি ভাঁজ করছিল তাও দেখেছিলাম। তারা পত্রিকার বাণ্ডিল করেছিল এবং সেগুলো পোস্ট অফিসে নিয়ে গিয়েছিল। আমি যখন তাদেরকে ঐ কাজ করতে দেখেছিলাম, সেই সময় আমার মনে ঐ ধরণের পরিচর্যা করার ইচ্ছা তৈরী হয়েছিল। সেই সময় থেকে, আমার অন্তরে একটি সুসমাচার প্রিন্টিং প্রেস চালনা করার ধারণা তৈরী হয়েছিল। আমি অনেক লোকের কাছে এই বিষয়ে বিস্তারিত তথ্যের বিষয় জিজ্ঞাসা করেছিলাম।

একবার, আমাকে একটা জায়গায় যেতে হয়েছিল যেখানে ১০০টি অফসেট মেসিন সারিবদ্ধভাবে রাখা ছিল। ঈশ্বরের এক দাস এই অফসেট মেসিনগুলোর মালিক ছিলেন। আমি একটা মেসিনের মূল্য কত জিজ্ঞাসা করেছিলাম। তিনি উত্তর দিয়েছিলেন, "একমাত্র খুব ধনী লোকেরাই এটা কিনতে পারে। তুমি এটা কিনতে পারবে না! যদি কেউ তোমাকে একটা অনুদান হিসাবে দেয়, তাহলেও তুমি এর রক্ষণাবেক্ষণ করতে পারবে না।" এটা শুনে আমার হৃদয় ভগ্ন হয়েছিল। আমি সোজা আমার জায়গায় ফিরে এসেছিলাম, জানুপাত করেছিলাম এবং আমাদের কথোপকথনের বিষয়টি ঈশ্বরকে বলেছিলাম।

প্রভু আমার প্রার্থনা শুনেছিলেন। ঈশ্বর আমাকে একটি পুরাতন প্রিন্টিং মেসিন দিয়েছিলেন। এই ধরণের মেসিন একমাত্র দক্ষিণ আফ্রিকার 'ব্লোয়েমফন্টিয়েন' নামক স্থানের যাদুঘরেই দেখতে পাওয়া যায়। ঈশ্বর আমাকে যে প্রিন্টিং মেসিনটি দিয়েছিলেন




যাদুঘরে পুরাতন প্রিন্টিং মেসিন

তা একটি সেকেলে মেসিন (অ্যানটিক) ছিল। এটি চেন্নাইয়ের 'ওয়াসারমেন্টপেট' নামক স্থানে ব্রাদার সুন্দরমের কাছে ছিল। যেহেতু তিনি এটা চালাতে পারছিলেন না, সেহেতু তিনি আমাকে এটি অনেক কম দামে দিয়েছিলেন।

পরে, ঈশ্বর আমাকে আমার সুসমাচার প্রিন্টিং প্রেসকে উন্নত করতে এবং বিকশিত করতে সাহায্য করেছিলেন। আজ, ঈশ্বর আমাকে স্বয়ংক্রিয় অফসেট প্রিন্টিং প্রেস দিয়েছেন যার সাহায্যে আমরা ১৬টি ভাষায় আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ছাপাচ্ছি। এছাড়াও আমরা এখান থেকে বিভিন্ন ভাষায় আত্মিক বইগুলি ছাপাচ্ছি,




বর্তমান স্বয়ংক্রিয় অফসেট প্রিন্টিং মেসিন

এবং ঈশ্বরের অনুগ্রহে, আমরা সারা পৃথিবীতে সেগুলি বিনামূল্যে পাঠাচ্ছি।

এই অবস্থানে পৌঁছানোর জন্য, আমাকে অনেকগুলি কঠিন পথ অতিক্রম করতে হয়েছিল। প্রিয় বন্ধু ! আপনিও কী কঠিন পথের মধ্যে দিয়ে যাচ্ছেন ? প্রভু যীশু খ্রীষ্ট আপনাকে পরিচর্যা কাজ করতে সাহায্য করবেন যা তিনি আপনাকে দিয়েছেন। আপনি হতাশ হবেন না।

**..." কোনো চোখ যা দেখেনি, কোনো কান যা শোনেনি, কোনো মানুষের মনে যা উদয় হয়নি,যারা তাঁকে ভালোবাসে, ঈশ্বর তাদের জন্য তাই প্রস্তুত করেছেন।"**

**—১ করিন্থীয় ২:৯**

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

## ২। ঈশ্বরের উপস্থিতির পুনরুদ্ধার

গত তিরিশ বছরে বিপুল সংখ্যক ঈশ্বরের দাসেরা উঠেছেন। সেইভাবে পরিচর্যাগুলির সংখ্যাও বৃদ্ধি হয়েছে। কিন্তু, উত্তম অভিপ্রায়গুলি বিকশিত হওয়ার পরিবর্তে বিভ্রান্তি এবং মন্দ চিন্তাগুলি বৃদ্ধি পেয়েছে! চার্চ এবং সমাজগুলিতে কিছু লোক আছেন যারা দীর্ঘ বছর যাবৎ একটি নির্দিষ্ট বিষয় নিয়ে প্রার্থনা করতে সামনে এগিয়ে আসেন। কিছু লোক আছেন যারা আত্মিক পরিতৃপ্তি না পেয়ে একটা চার্চ থেকে আরেকটি চার্চে ঘুরে বেড়ায়! যে মণ্ডলীগুলি জগতের রাজনীতিগুলিকে পরিবর্তন করার বিষয়ে অত্যন্ত ক্ষমতাপূর্ণ তারা এর সামনে এসে ভয়ে কাঁপতে থাকে!

এটি হচ্ছে ঈশ্বরের ইচ্ছা যে ঈশ্বরের দাসদের শক্তিশালী প্রচার যেন লোকদের জীবনে পরিবর্তন আনে এবং শয়তান যেন কাঁপতে কাঁপতে দূরে পালিয়ে যায়। কিন্তু পরিচর্যার সেই গৌরব আজ বিবর্ণ হয়েছে, কেন? এটি সত্য যে ঈশ্বর তাঁর উপস্থিতি সরিয়ে নিয়েছেন।

সুতরাং, আমাদের আত্মসমীক্ষা করতে হবে কোথায় আমরা ঈশ্বরের উপস্থিতি হারিয়েছি এবং কী কী পরিস্থিতিতে আমাদের কাছ থেকে প্রৈরিতীক অভিষেক নিয়ে নেওয়া হয়েছে। প্রার্থনার মানসিকতা এবং মিনতির মানসিকতা আমাদের চার্চগুলিতে এবং পরিবারগুলিতে প্রবাহিত হওয়া উচিৎ। যখন এটা হবে, তখন লোকেরা উদ্দীপনার জন্য ক্রন্দন করবে। বিনষ্ট আত্মাগুলির জন্য ভার তাদেরকে আঘাত করবে এবং এর জন্য যে কোনও ত্যাগ স্বীকার করার জন্য তারা সামনে এগিয়ে আসবে।

উদ্দীপনার সাক্ষী হওয়ার এখনই সময় হওয়া উচিৎ। এই কারণেই প্রভু আমাদের এই সময় এই পৃথিবীতে বাঁচিয়ে রেখেছেন। সমস্ত মৃত কার্যকলাপ এবং স্বার্থপর পরিচর্যাগুলি ছুঁড়ে ফেলুন এবং প্রভুর কাছে আসুন এবং ভারসহ উদ্দীপনার প্রচুর ফসলের জন্য প্রার্থনা করুন। আপনার পদযুগল কাজের জন্য স্থির করুন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

************

## বিশেষ প্রার্থনার অনুরোধসমূহ

১। আমাদের বরিষ্ঠ পালকদের পরিবারগুলি যে সমস্যাগুলির সম্মুখীন হয়েছেন প্রভু সেই সমস্যাগুলির সমাধান করুন।

২। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা যে সমস্ত আর্থিক সমস্যাগুলির সম্মুখীন হয়েছে তা যেন অবশ্যই পরিবর্তিত হয়।

৩। প্রভু যেন তাঁর সেবার দর্শনসহ লোকদের জুগিয়ে দেন। আমাদের চেন্নাই অফিসে, গ্রামীন বিদ্যালয়ে, আমাদের বাইবেল কলেজগুলিতে, সুসমাচার প্রিন্টিং প্রেসে, চার্চগুলিতে এবং আমাদের মিশনক্ষেত্রগুলিতে সমর্পিত কর্মীদের প্রয়োজন।

৪। ঈশ্বরের পরিচর্যা কাজে বাধাদানকারী সমস্ত লোকেরা যেন মন পরিবর্তন করে।

৫। যে পালকরা সমস্ত রকমের আরাম উপভোগ করছেন, তারা যেন কেবল নিজেদের উন্নতির কথা চিন্তা না করেন, কিন্তু যেখানে মণ্ডলী নেই সেই সমস্ত গ্রামে গ্রামে মণ্ডলী স্থাপন করার জন্য তাদের অর্থ ব্যবহার করেন। ঈশ্বরের একজন লোক বলেছিলেন, "ঈশ্বরের যে দাসদের হাতে অব্যবহৃত টাকা আছে তা যেন তারা মুক্ত করেন, এটি ভারতের সমস্ত গ্রামগুলিতে একটি অথবা অধিক মণ্ডলী নির্মাণ করার জন্য ব্যবহৃত হতে পারে।" অনুগ্রহ করে এই বিষয়টি স্মরণে রাখবেন এবং এই বিষয়ে প্রার্থনা করবেন।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

**গীতসংহিতা ১২১: ৭-৮**

সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন; আর তিনি তোমার প্রাণরক্ষা করবেন;তোমার যাওয়া আসার পথে সদাপ্রভু তোমাকে রক্ষা করবেন এখন থেকে চিরকাল পর্যন্ত।

## OUR BANK DETAILS:

***1. Bank : State Bank of India***

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

***2. Bank : ICICI Bank***

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

***3. Bank : State Bank of India***

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA

PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in

Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 15th** APRIL 2023
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**